# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (ম্যাট্স) নোয়াখালী

স্মারক নংঃ ম্যাট্স/নোয়া/প্রশা-১/নিয়োগ বিজ্ঞপ্তি/২০২১/৩০২৪ তারিখঃ ১৩/১১/২০২১ইং

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ পারসোনাল-১ অধিশাখা স্মারক নং-৫৯.০০.০০০.১০৯.১১.০২০.১৮-৫৩ তারিখঃ ০৩/০২/২০২১ইং ও স্মারক নং-৫৯.০০.০০০.১০৯.১১.০২০.১৮-২৭৬ তারিখঃ ১৭/০৮/২০২১ স্মারক মূলে প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা ২০১৮ মোতাবেক মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) নোয়াখালীতে শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে স্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিম্নোক্ত শর্তসাপেক্ষে nmats.teletalk.com.bd ওয়েবসাইটে Online-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, বেতন গ্রেড ও স্কেল (জাগ্রবেয়স্কেঃ/১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০) | ০১ (এক) | (ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার চালনায় দক্ষতা; (খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজি ৮০ শব্দ বাংলা ৫০ শব্দ; (গ) কম্পিউটার মুদ্রাক্ষর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজি ৩০ বাংলায় ২৫ শব্দের গতি সম্পন্ন হতে হবে | সকল জেলা |
| ২ | ক্যাশিয়ার<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ০১ (এক) | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা | |
| ৩ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ০২ (দুই) | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার চালনা দক্ষতা। বাংলা ও ইংরেজি ৩০ বাংলায় ২৫ শব্দের গতি সম্পন্ন হতে হবে। | |
| ৪ | স্টোর কিপার<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ০১ (এক) | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৫ | ড্রাইভার (হালকা)<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ০১ (এক) | কোনো স্বীকৃত বোর্ড হইতে ন্যূনতম জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং হালকা যানবাহন চালনার লাইসেন্সপ্রাপ্তীসহ অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ৬ | ল্যাবরেটরি অ্যাটেনডেন্ট<br>গ্রেড-১৯ (৮৫০০-২০৫৭০) | ০২ (দুই) | কোনো স্বীকৃত বোর্ড হইতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৭ | অফিস সহায়ক<br>গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ১৫ (পনের) | কোনো স্বীকৃত বোর্ড হইতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

নিয়োগ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য, আবেদনের শর্ত ও টেলিটক কর্তৃক অনলাইনে আবেদনের ফরম পূরণের নিয়মাবলী ও করণীয় সম্পর্কে জানতে ভিজিট করুন http://nmats.teletalk.com.bd

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূর্ণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২. যে সকল প্রার্থীর বয়স ৩১/১০/২০২১ইং তারিখে ন্যূনতম ১৮ বছর এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অনুযায়ী ২৫/০৩/২০২০ইং তারিখ পর্যন্ত বয়স সর্বোচ্চ ৩০ বছর তারা আবেদন করতে পারবে। তবে বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স নিরূপনের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩. নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে প্রচলিত সরকারি সর্বশেষ বিধি-বিধান প্রতিপালিত হইবে।

৪. আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপণ করা যাবে না। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

৫. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন ও পরিবর্তন এবং বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৬. বিভাগীয় নিয়োগ কমিটি অনিবার্য কারণবশতঃ নিয়োগ প্রক্রিয়ার যেকোন পর্যায়ের নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://nmats.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ
- Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১৮/১১/২০২১খ্রিঃ সকাল ১০:০০টা।
- Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ১৮/১২/২০২১খ্রিঃ রাত ১১:৫৯মিঃ।
- উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যেকোনো teletalk Pre Paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ * প্রস্থ ৩০০) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ * প্রস্থ ৮০) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র জমাদানের পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit হলে প্রার্থী User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী রঙ্গিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre Paid মোবাইল নাম্বার হতে ০২ (দুই)টি SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নংঃ ১-৪ নং পর্যন্ত ১০০.০০ (একশত) টাকা এবং Teletalk এর SMS সার্ভিস চার্জ বাবদ ১২.০০ (বারো) টাকা মোট ১১২.০০ (একশত বারো) টাকা এবং ক্রমিক নংঃ ৫-৭ এর জন্য ৫০.০০ (পঞ্চাশ) টাকা এবং Teletalk এর SMS সার্ভিস চার্জ বাবদ ৬.০০ (ছয়) টাকা মোট ৫৬.০০ (ছাপ্পান্ন) টাকা পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**নিয়মাবলীঃ**

**প্রথম** SMS: nmats<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে
Example: nmats ABCDEF send to 16222
Reply: Applicant's Name Tk 112/- Will be Charged as application Fee, Your PIN 12345678. To Pay fee Type nmats<space>Yes<space>PIN<space>send to 16222

**দ্বিতীয়** SMS: nmats<space>Yes<space>PIN লিখে করতে হবে 16222 নম্বরে
Example: nmats 12345678 send to 16222
Reply: Congratulation Application's Name payment complete successfully for NMATS, Application for ****** USER ID is (ABCDEF) and Password (**********)

**দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস-এ Password পাবেন।**

চ. SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যত প্রয়োজনের নিমিত্তে সংরক্ষণ করতে হবে। SMS-এ প্রাপ্ত এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ঝ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nmats.teletalk.com.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে জানানো হবে। শুধু মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID Ges PIN পুনরুদ্ধার করতে পারবেন।
- User ID জানা থাকলে nmats<space>Help<space>User<space>User ID send to 16222
  Example: nmats Help User ABCDEF & Send to 16222
- PIN জানা থাকলে nmats<space>Help<space>PIN<space>PIN NO send to 16222
  Example: nmats Help User 12345678 & Send to 16222

ঞ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে, যেকোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এছাড়াও Vas.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে।

০৭. প্রার্থীর যোগ্যতা যাচাইঃ
প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।
(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
(গ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র।
(ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ।
(চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি ও প্রবেশপত্র {Applicant's Copy + Admit Card}.
(ছ) ১নং পদের প্রার্থীদের ক্ষেত্রে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার ও শর্টহ্যান্ড প্রশিক্ষণের সনদপত্রের সত্যায়িত ফটোকপি (বাধ্যতামূলক)।
(জ) ৩নং পদের প্রার্থীদের ক্ষেত্রে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্রের সত্যায়িত ফটোকপি (বাধ্যতামূলক)।

৮. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য nmats.teletalk.com.bd এ পাওয়া যাবে।

৯. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০. লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা ২০১৮ এর বিধি-বিধান প্রযোজ্য হবে।

১২. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

১৩. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১৪. কোনো প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না, একাধিক পদে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

১৫. নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য কোটাসহ সরকারের সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৬. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করা এবং নিয়োগ সংক্রান্ত এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**ডাঃ হাবিব-উল-করিম**
অধ্যক্ষ
ম্যাটস, নোয়াখালী
ও
সভাপতি
কর্মচারী নিয়োগ কমিটি-২০২১

জিডি-২০৫৭